# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 15.04.24 Time: 07.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বেহালা ফ্লাইং ক্লাবে তৃণমূল কংগ্রেসের সাঝধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর হেলিকপ্টারে আয়কর তল্লাশি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। নির্বাচন কমিশন এব্যাপারে জেলা নির্বাচনী আধিকারিকের কাছে রিপোর্ট তলব করেছে।

২) রাজ্য সরকার মুর্শিদাবাদ রেঞ্জের পরবর্তী ডিআইজি পদের জন্য তিন আই পি এস আধিকারিকের নাম নির্বাচন কমিশনে পাঠিয়েছে।

৩) প্রথম দফার ভোটের প্রচারের শেষ লগ্নে সব দলের নেতারাই প্রার্থীদের মন জয় করতে আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

৪) বিজেপি সরকারের বিরুদ্ধে কেন্দ্রীয় সংস্থাকে অপব্যবহার করা হচ্ছে – বিরোধীদের এই অভিযোগের খারিজ করে দিয়েছে প্রধানমন্ত্রী ।

৫) কলকাতা হাইকোর্ট, হাওড়ায় রামনবমীর মিছিলে শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে।

oooooooooooooooo

বেহালা ফ্লাইং ক্লাবে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর হেলিকপ্টারে আয়কর তল্লাশি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। নির্বাচন কমিশনের তিন সদস্যের দল আজ ফ্লাইং ক্লাবে যান। কিছুক্ষণ গেটের বাইরে দাঁড়িয়ে থেকে তারা পর্ণশ্রী থানায় গিয়ে এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের অভিযোগের ভিত্তিতে নির্বাচন কমিশনের পক্ষ থেকে জেলা নির্বাচনী আধিকারিকের কাছে বিস্তারিত রিপোর্ট চাওয়া হয়েছে। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আজ সংবাদিকদের বলেন, কমিশনের নির্দেশিকা মেনেই এই তল্লাশি চালানো হয়েছিল।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি আজ উত্তরবঙ্গ যাওয়ার পথে কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের বলেন, রাজনৈতিক নেতারা ভোটের প্রচারে যে চাটার্ড ফ্লাইট এবং হেলিকপ্টার ব্যবহার করবেন, তাতে তল্লাশি করা হবে বলে নির্বাচন কমিশন আগেই জানিয়েছে।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও একই দাবি করেছেন। কমিশনের নির্দেশ মেনেই অভিষেকের চপারে তল্লাশি চালান আয়কর আধিকারিকেরা।

(বাইট – সুকান্ত)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই তল্লাশির তীব্র সমালোচনা করেছেন।

(বাইট – মমতা)

ooooooooooooooooo

রাজ্য পুলিশের মুর্শিদাবাদ রেঞ্জের পরবর্তী ডিআইজি পদের জন্য রাজ্য সরকার ৩ আই পি এস আধিকারিকের নাম নির্বাচন কমিশনকে পাঠিয়েছে। এরা হলেন ওয়াকার রাজা, রণেন্দ্রনাথ ব্যানার্জী এবং দেবস্মিতা দাস।

উল্লেখ্য কমিশন ওই পদে আইপিএস অফিসার মুকেশকে সরিয়ে দেয়। তাঁর জায়গায় তিনজন যোগ্য অফিসারের নামের তালিকা আজ বিকেল ৫ টার মধ্যে পাঠাতে বলেন কমিশনের সচিব রাকেশ কুমার।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই অপসারণ নিয়ে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। আলিপুরদুয়ারের জনসভায় তিনি হুঁশিয়ারি দেন, এরপর মুর্শিদাবাদে অশান্তি ছড়ালে কমিশনের দপ্তরে ধর্ণায় বসবেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০

এবারের লোকসভা নির্বাচনে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আধিকারিক ও রাজ্যে সরকারের উচ্চ পদস্থ আধিকারিকদের নিরপেক্ষ ভাবে কাজ করার দাবি জানিয়ে সিপিআইএম এর রাজ্যে সম্পাদক মন্ডলীর সদস্য শমীক লাহিড়ী, রবিন দেব, সিপিআইএম এর কলকাতা জেলা সম্পাদক কল্লোল মজুমদার এবং সুখেন্দু পানিগ্রাহী নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব এর সঙ্গে দেখা করেন। পরে শমীক লাহিড়ী সাংবাদিক দের বলেন, সরকারি কোষাগার থেকে ভোটার দের ব্যাংক অ্যাকাউন্টে টাকা দেওয়ার বিষয়ে তৃণমূল কংগ্রেসের রেডিওর বিজ্ঞাপন নিয়ে অভিযোগ জানালেও তার কোনো সুরাহা হয় নি। প্রয়োজনীয় অনুমতি থাকলেও দক্ষিণ কলকাতার সিপিআইএম এর প্রার্থীকে নির্দিষ্ট রাস্তায় প্রচার করতে দেওয়া হয় নি। এসব বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকরা ভুল রিপোর্ট দিচ্ছে বলেও শমীক বাবু দাবি করেন।

০০০০০০০০০০০০০০০০

বহরমপুর লোকসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরীকে গো ব্যাক স্লোগান দেওয়ার অভিযোগ উঠল তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। তিনি আজ মুর্শিদাবাদ এর শক্তিপুরে নির্বাচনী প্রচারে যাওয়ার পর তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা তার উদ্দেশ্যে গো ব্যাক স্লোগান দেয় । বলে অভিযোগ। তৃণমূল, অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

০০০০০০০০০০০০০০

প্রথম দফার লোকসভা নির্বাচনের প্রচার শেষ হবে আগামী বুধবার ১৭-ই এপ্রিল। উত্তরবঙ্গের তিন আসন, কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের জন্য এই দফায় ভোট নেওয়া হবে শুক্রবার ১৯ শে এপ্রিল। প্রায় ৯৭ কোটি ভোটদাতা প্রথম পর্যায়ে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকমের ব্যবস্থা নিয়েছে। প্রথম দফার ভোটে সব বুথেই থাকছে কেন্দ্রীয় বাহিনী। বুথের ভেতরে ১-শো শতাংশ ওয়েব কাস্টিং-এর ব্যবস্থাও রাখা হচ্ছে। তবে, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ির কিছু অঞ্চলে ওয়েবকাস্টিং সম্ভব না হলে সেখানে মাইক্রো অবজার্ভার থাকবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি – এই তিন আসনের প্রতিটিতে ভোটের পর হিংসা নিয়ন্ত্রণ ও স্ট্রং রুম পাহারার জন্যও দুই কোম্পানী করে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে বলে জানা গেছে।

এদিকে, দ্বিতীয় দফায় ২৬ শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাটে ভোটগ্রহণ। তার আগেই রাজ্যে আসতে চলেছে আরও ২২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে সিকিম থেকে ৯ এবং মেঘালয় থেকে ১৩ কোম্পানী বাহিনী আসবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জানানো হয়েছে। তিন আসনে ভোটের সময় ২৭২ কোম্পানী বাহিনী ব্যবহার করা হবে।

oooooooooooooooo

প্রথম দফার ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গের তিন জেলায় ভোটারদের মন জয়ে ঝাঁপিয়েছেন সব রাজনৈতিক দলের নেতা নেত্রীরাই। বিজেপি নেতা, তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর আজ বাগডোগরায় সাংবাদিকদের মুখোমুখি হন। ব্যাঙ্গালোর বিস্ফোরণকান্ডে অভিযুক্ত দুই জঙ্গীর নিউ দীঘায় ধরা পড়া প্রসঙ্গে তিনি বলেন, মমতা ব্যানার্জীর সরকারের আমলে পশ্চিমবঙ্গ জঙ্গীদের নিরাপদ আশ্রয় হয়ে উঠেছে কেন, তার জবাব তাঁদেরই দিতে হবে।

বাইট (অনুরাগ)

তথ্য ও সম্প্রচার মন্ত্রীর এই মন্তব্যের সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস। দলের মুখপাত্র, মন্ত্রী শশী পাঁজা বলেছেন, অনুরাগ সিং ঠাকুরের মুখে এই ধরনের কথা শোভা পায়না।

বাইট (শশী)

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রার্থীদের সমর্থনে দলের প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ভোটের প্রচারে কোচবিহারের রাসমেলা ময়দান এবং আলিপুরদুয়ারের বীরপাড়ায় ডিমডিমা চা বাগানে জনসভা করেন। এক দেশ এক নির্বাচন ব্যবস্থা চালু হলে দেশে আর নির্বাচনই হবে না বলে মন্তব্য করেন তিনি। তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে সরব প্রধানমন্ত্রীকে মমতা শ্বেতপত্র প্রকাশের চ্যালেঞ্জ জানান।

অন্যদিকে কোচবিহারের বিজেপি প্রার্থীর সমর্থনে দিনহাটার সংহতি ময়দানের জনসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, সংশোধিত নাগরিকত্ব আইন সিএএ নিয়ে মানুষকে ভুল বোঝাচ্ছেন মুখ্যমন্ত্রী। রাজ্য সরকারের বিরুদ্ধে আবাস যোজনা সহ বিভিন্ন প্রকল্পে দুর্নীতি অভিযোগেও সরব হন তিনি।

আলিপুরদুয়ার কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে বিজেপি নেতা, চিত্রতারকা মিঠুন চক্রবর্তী আজ ফালাকাটায় জনসভায় করেন।

oooooooooooooooo

লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ে রাজ্যের চারটি আসনে জন্য মনোনয়ন দাখিলের কাজ চলেছে। মালদা উত্তর, মালদা দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদে এই দফায় ভোট নেওয়া হবে ৭-ই মে।

মালদা দক্ষিণের বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী ইষা খান চৌধুরী আজ প্রার্থী পদ দাখিল করেন । মালদার উত্তরের বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী মুস্তাক আলমও আজই মনোনয়ন জমা দিয়েছেন। পুরাতন মালদার সাহাপুর থেকে মিছিল করে তিনি মালদা জেলা প্রশাসনিক ভবনে যান। সঙ্গে ছিলেন কংগ্রেসের প্রাক্তন বিধায়ক ভূপেন্দ্রনাথ হালদার। এই নিয়ে মালদার দুটি আসনে মোট চারটি মনোনয়ন জমা পড়ল। ১৯-শে এপ্রিল পর্যন্ত প্রার্থী পদ দাখিল করা যাবে। নাম প্রত্যাহারের শেষদিন ২২-শে এপ্রিল।

মুর্শিদাবাদের ২-টি আসনেই চারজন প্রার্থীপদ দাখিল করেছেন। আজ বিজেপির ২ জন মনোনয়ন জমা দেন। আগে তৃণমূল কংগ্রেসের ২ জন প্রার্থীপদ দাখিল করেন।

oooooooooooooooo

কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি সরকারের বিরুদ্ধে ইডি/সিবিআই-এর মতো কেন্দ্রীয় সংস্থাকে অপব্যবহার করা হচ্ছে – বিরোধীদের এই অভিযোগের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নির্বাচনে পরাজয় আসন্ন জেনেই তারা এই ধরনের দাবি করছেন। সংবাদসংস্থা এ এন আই-কে এক একান্ত সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী বলেন, নিজেদের খামতি ঢাকতেই বিরোধীরা এই ধরনের অযুহাতের আশ্রয় নিচ্ছে। ইডি, সি বি আই বা নির্বাচন কমিশন কোন ক্ষেত্রেই তাঁর সরকার আইন তৈরি করেনি বলে শ্রী মোদী স্পষ্ট জানিয়ে দেন।

পরিসংখ্যান দিয়ে তিনি বলেন ইডি যেসমস্ত মামলায় ব্যবস্থা গ্রহণ বা গ্রেফতার করেছে, তার মধ্যে মাত্র ৩ শতাংশ রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে, বাকিটা অপরাধমূলক কাজের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ।

(বাইট - প্রধানমন্ত্রী)

ইডি/সিবিআই যাতে স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করতে পারে, তার পক্ষেও জোরালো সওয়াল করেন প্রধানমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০

অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম দফা ভোটের আগে বিভিন্ন সংস্থা ৪ হাজার ৬শো ৫০ কোটি টাকার বেশি মূল্যের নগদ ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করেছে। ২০১৯ এর লোকসভা নির্বাচনের গোটা পর্বে যে পরিমাণ নগদ টাকা ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত হয়েছিল, এই পরিমাণ তার চেয়ে ৩ হাজার ৪শো ৭৫ কোটি টাকা বেশি। সবচেয়ে বেশি ৭৭৮ কোটি টাকার হিসাব বহির্ভূত পণ্য উদ্ধার হয়েছে রাজস্থানে। পশ্চিমবঙ্গ রয়েছে ৮ নম্বরে। এখানে উদ্ধারের মোট অঙ্ক ২১৯ কোটি টাকা।

০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ায় রামনবমীর মিছিলে শর্তসাপেক্ষে অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। রামনবমীর মিছিলের জন্য পুলিশের অনুমতি না পেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয় দুটি সংগঠন। ওই মামলায় বিচারপতি জয় সেনগুপ্ত আজ নির্দেশ দিয়েছেন, ২০০ জন লোক নিয়ে মিছিল করা যাবে। মিছিলে অস্ত্র প্রদর্শন করতে পারবেন না সংগঠকরা। এছাড়া কোন উস্কানিমূলক মন্তব্য করা যাবে না বলে স্পষ্ট নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এই মিছিলে রাজ্যের তরফে আপত্তি জানানো হয়। তবে বিচারপতি সেনগুপ্ত জানান, মিছিল সামলাতে পুলিশের অসুবিধা হলে কেন্দ্রীয় বাহিনীর সাহায্য নিতে পারবে। আদালত জানায়, মিছিলে বেশি লোক হলে আয়োজকদের দায়িত্ব নিতে হবে। আয়োজকদের

তরফে পাঁচ জনের নাম পুলিশের কাছে জানাতে হবে বলেও বিচারপতি নির্দেশ দিয়েছেন। এছাড়া মিছিলে কোনোরকম ডিজে বক্স ব্যবহার করা যাবে না।

০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচন এবং রামনবমীর প্রাক্কালে পুরুলিয়ায় রুটমার্চ শুরু করেছে পুলিশ। জেলা পুলিশ সুপার ও উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকরা আজ রুট মার্চে অংশ নেন। রামনবমীতে পুরুলিয়া শহরের বেশ কয়েকটি জায়গা থেকে মিছিল বের হবে বলে জানা গেছে। ধর্মীয় শোভাযাত্রায় বিপুল পরিমান ভক্তের সমাগম হবে বলে উদ্যোক্তাদের দাবী। এই পরিস্থিতিতে যাতে কোন রকম উত্তেজনা না ছড়ায় সেজন্য যে সব রাস্তা দিয়ে মিছিল যাবে সেখানে সিসিটিভির বিশেষ নজরদারি থাকছে। উত্তেজনা ছড়ায় এমন কোন আচরণ যাতে মিছিলে কেউ না করেন সেব্যাপারে উদ্যোক্তাদের সতর্ক করা হয়েছে। নজর রাখা হয়েছে সামাজিক মাধ্যমগুলির দিকেও।

এদিকে শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ রামনবমীতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন। তিনি অভিযোগ করেন রাম নবমীর আগে মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গ,দক্ষিনবঙ্গ বিভিন্ন জনসভায় রামভক্তদের পরোক্ষভাবে দাঙ্গাবাজ বলে আজ শিলিগুড়ি জার্নালিস্ট ক্লাবে সাংবাদিক বৈঠক করেন তিনি। সঙ্গে ছিলেন ডাবগ্রাম ফুলবাড়ির বিধায়ক শিখা চ্যাটার্জি,ও মাটিগাড়া নকশালবাড়ির বিধায়ক আনন্দময় বর্মণ ।

অন্যদিকে এবিষয়ে শিলিগুড়ির মেয়র গৌতম দেব বলেন ধর্ম নিয়ে রাজনীতি করে বিজেপি। এর আগে কখনো রামনবমীতে গন্ডগোল বাঁধেনি।

০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপারজায়ান্ট আজ সন্ধ্যায় আইএসএল ফুটবলে লিগশিল্ড জয়ের লক্ষ্য নিয়ে মুম্বই সিটি এফসির মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে খেলা গোল শূন্য রয়েছে।

মোহনবাগান ২১ ম্যাচে ৪৫ পয়েন্ট নিয়ে লিগতালিকার তৃতীয় স্থানে রয়েছে। অপরদিকে, শীর্ষস্থানে থাকা মুম্বই সিটি এফসির সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ৪৭। এই ম্যাচে জিতলেই মোহনবাগান লিগ শিল্ড খেতাব পাবে।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০